সমকাল

তারিখ ... 04 SEP 2016 ...
পৃষ্ঠা ...2... কলাম ...6......

জাতীয় বিশ্ববিদ্যালয়

# ৮০ নম্বরের ফাইনাল পরীক্ষা হবে ৪ ঘণ্টায়

■ সমকাল প্রতিবেদক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হারুন-অর-রশিদ বলেছেন, এখন থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফাইনাল পরীক্ষা হবে ৮০ নম্বরের। আর পরীক্ষা দিতে হবে চার ঘণ্টায়।

শনিবার রাজধানীর ইডেন সরকারি মহিলা কলেজে 'জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সচেতনতা সৃষ্টি ও শিক্ষার্থীদের ■ পৃষ্ঠা ১৫ : কল

## ৮০ নম্বরের

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ' শীর্ষক এক আলোচনা সভায় উপাচার্য এ কথা বলেন।

আগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় ১০০ নম্বরের জন্য চার ঘণ্টা সময় বরাদ্দ ছিল। পরে ২০ নম্বরের ইনকোর্স যোগ করে লিখিত পরীক্ষা ৮০ নম্বর করা হয়, যার সময় বরাদ্দ করা হয়েছিল চার ঘণ্টা। সম্প্রতি এই পরীক্ষার সময় চার ঘণ্টা থেকে কমিয়ে সাড়ে তিন ঘণ্টা করা হয়। এর প্রতিবাদে শিক্ষার্থীরা বিক্ষোভ করেন। এই পরিস্থিতিতে শনিবার উপাচার্য এ সিদ্ধান্তের কথা জানান।

আলোচনা সভায় হারুন-অর-রশিদ বলেন, শিক্ষার্থীদের জঙ্গি ও সন্ত্রাসের পথ বাদ দিয়ে শান্তির দিকে হাঁটতে হবে। বিশ্বের মাঝে বাংলাদেশকে পরিচিত করাতে প্রতিযোগিতা করতে হবে। প্রত্যেক শিক্ষার্থীকে আদর্শ নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে।

ইডেন কলেজের অধ্যক্ষ গায়ত্রী চ্যাটার্জি বলেন, শিক্ষার্থীদের সাংস্কৃতিক কর্মকাণ্ডের মাধ্যমে একজন আদর্শ নাগরিক হিসেবে তৈরি করতে কলেজ কর্তৃপক্ষ সব সময় কাজ করছে।

ইডেন কলেজ অধ্যক্ষের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য দেন জাতীয় প্রেস ক্লাবের সভাপতি শফিকুর রহমান, পুলিশের লালবাগ বিভাগের উপকমিশনার ইব্রাহীম খান, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ২৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর হাসিবুর রহমান প্রমুখ।